

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
প্রশাসন অধিশাখা
www.probashi.gov.bd


নং-৪৯.০০.০০০০.০১৫.৩৩.০০৩.১৭. ২৪০৬

তারিখঃ ০৪ ডিসেম্বর ২০১৭

বিষয়ঃ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের গত ১৬ নভেম্বর ২০১৭ তারিখের সভার কার্যবিবরণী।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ১৬ নভেম্বর ২০১৭ তারিখের সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতো।


(মোহাম্মদ শাহীন) ০৪/১২/১৭

সদস্য-সচিব, ইনোভেশন টিম ও

উপসচিব (মিশন-২)

ফোন: ৪৯৩৫৭১০৮

ইমেইল: shaheen.moni@gmail.com

বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১ অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (বাজেট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০২ যুগ্মসচিব/উপসচিব (প্রশাসন), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩ যুগ্মসচিব/উপসচিব (মিশন), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪ উপসচিব (কল্যাণ), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫ উপপ্রধান (পেরিকল্পনা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৬ সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) সদয় জ্ঞাতার্থে:

- ০১ সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[দৃ:আ: সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ]।
- ০২ মহাপরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক, এ টু আই কর্মসূচি, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ০৩ মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৪ ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৫ মহাপরিচালক, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৬ ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৭ মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৮ সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৯ সিনিয়র সহকারী সচিব (সমন্বয় শাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ১০ সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
(ওয়েব সাইটে প্রকাশ করা সহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের ই-মেইলে প্রেরণ করার অনুরোধসহ)।
- ১১ অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ১২ অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
www.probashi.gov.bd

বিষয়ঃ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ১৬ নভেম্বর ২০১৭ তারিখের সভার কার্যবিবরণী।

০১। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'তে দেখানো হলো।

০২। সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে তিনি অভিবাসন ব্যবস্থাপনায় এ মন্ত্রণালয় ও তার আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সেবা প্রদান কার্যক্রমে উদ্ভাবনী ধ্যান ধারণার বিষয়ে আলোকপাত করেন এবং উদ্ভাবনী কার্যক্রমকে আরও জোরদার করার আর্হবান জানান। অতঃপর তিনি সভার কার্যপত্র এবং বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৭-১৮ অনুসারে আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য ইনোভেশন কমিটির সদস্য-সচিব-কে অনুরোধ করেন। সদস্য-সচিব এ বছরের কর্মপরিকল্পনা ও কার্যপত্র অনুসারে সার্বিক বিষয় উপস্থাপন করেন।

০৩। সভার আলোচনায় সকলের অংশগ্রহণে নিম্নোক্ত সিদ্ধান্ত/সুপারিশ গ্রহণ করা হয়।

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
৩.১	যশোর টিটিসি কর্তৃক উদ্ভাবিত ডিজিটাল ম্যানেজমেন্ট সিস্টেম আরও ৩টি টিটিসি-তে বাস্তবায়ন	যশোরে অনুসৃত ডিজিটাল ম্যানেজমেন্ট পদ্ধতি replicate করে প্রথম পর্যায়ে আরও ৩ টি টিটিসি-তে প্রশিক্ষণে ছাত্র ভর্তি কার্যক্রমে অনুরূপ পদ্ধতি পরিচালনার উদ্যোগ গ্রহণের বিষয়ে বিএমইটি প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, যশোর টিটিসি-তে অনলাইন ভর্তি কার্যক্রম পূর্ণোদ্যমে চলমান রয়েছে। বাংলাদেশ জার্মান টিটিসি এবং ময়মনসিংহ ও পাবনা টিটিসি-তে কার্যক্রমটি পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।	কার্যক্রমটি পর্যায়ক্রমে অন্যান্য টিটিসি-সমূহেও বাস্তবায়নের জন্য বিএমইটি-কে অনুরোধ করা হয়।
৩.২	বিএমইটির সদর দপ্তর এবং এর অধীনস্থ দপ্তরসমূহের প্রদেয় সেবা এবং প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনাসমূহ সোশ্যাল মিডিয়ায় প্রচার	বিএমইটি প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, তাদের কার্যাবলী বিএমইটির ফেইসবুকে নিয়মিত আপলোড করা হয়। এ মন্ত্রণালয়ের আওতাধীন অন্যান্য দপ্তর/সংস্থাসমূহকেও স্ব স্ব দপ্তর/সংস্থার কার্যাবলী নিয়মিতভাবে ফেইসবুকে আপলোড করার এবং ফেইসবুকে প্রাপ্ত মতামতের প্রেক্ষিতে যথাযথ কার্যক্রম গ্রহণের ওপর সভাপতি তাগিদ প্রদান করেন।	স্ব স্ব প্রতিষ্ঠানের উল্লেখযোগ্য কার্যাবলীর বিষয় সোশ্যাল মিডিয়ায় পোস্ট করা এবং প্রাপ্ত মতামতের ওপর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য বিএমইটি, ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ড, বোয়েসেল ও প্রবাসী কল্যাণ ব্যাংক-কে এবং এ মন্ত্রণালয়ের সহকারি প্রোগ্রামার-কে অনুরোধ করা হয়।
৩.৩	বিএমইটির নিজস্ব আর্কাইভ সংরক্ষণ	বিএমইটি কর্তৃক আর্কাইভ প্রস্তুতের লক্ষ্যে পূর্ব অভিজ্ঞতা অর্জনের প্রয়োজনীয়তার ওপর সভায় অভিমত ব্যক্ত করা হয়। এ লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল আর্কাইভ সরেজমিন পরিদর্শনের বিষয়েও সভায় পুণরায় আলোচনা করা হয়।	ইনোভেশন টিমের সদস্যবৃন্দকে নিয়ে ন্যাশনাল আর্কাইভ সরেজমিন পরিদর্শনের ব্যবস্থা করা হবে।
৩.৪	আইডিয়া ম্যানেজমেন্ট ও স্কেল আপ	আইডিয়া ম্যানেজমেন্ট ও স্কেল আপ প্রক্রিয়াটি সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে বিএমইটি কর্তৃক ৫ দিনের ইনোভেশন কর্মশালা আয়োজনের পরিকল্পনা করা হয়েছে বলে বিএমইটির সংশ্লিষ্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন।	আইডিয়া ম্যানেজমেন্ট ও স্কেল আপ প্রক্রিয়াটি সুষ্ঠুভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য বিএমইটি-কে অনুরোধ করা হয়।

		এছাড়া STEP প্রকল্পের আওতায় বিএমইটি'র আওতায় একটি ডাটাবেজ ম্যানেজমেন্ট করা হচ্ছে বলে তিনি এ প্রসঙ্গে জানান।	
৩.৫	শিক্ষাবৃত্তি প্রদান কার্যক্রম ডিজিটাইজকরণ	ডিবিবিএল ব্যাংকের 'রকেট' মাধ্যমে শিক্ষাবৃত্তির অর্থ প্রদানের ব্যবস্থা করা হচ্ছে বলে ওয়েলফেয়ার বোর্ড প্রতিনিধি সভাকে জানান। এছাড়া এ কার্যক্রমে অনুসৃত প্রক্রিয়াসমূহ সম্পূর্ণ অনলাইন ভিত্তিক করারও পরিকল্পনা রয়েছে বলে জানানো হয়।	শিক্ষাবৃত্তি প্রদান কার্যক্রম ডিজিটাইজকরণে প্রক্রিয়াটি যথাযথ পদ্ধতিতে সম্পাদনের জন্য ওয়েজ আর্নাস ওয়েলফেয়ার বোর্ড-কে অনুরোধ করা হয়।
৩.৬	উদ্ভাবন সহায়ক সক্ষমতা বৃদ্ধি	মাসিক অভ্যন্তরীণ প্রশিক্ষণে উদ্ভাবন সহায়ক সক্ষমতা বৃদ্ধির বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে বলে ওয়েলফেয়ার বোর্ড প্রতিনিধি সভাকে অবহিত করেন। উদ্ভাবনী কার্যক্রমে সকলকে সম্পৃক্ত ও উদ্বুদ্ধকরণের লক্ষ্যে বিষয়টি এ মন্ত্রণালয় এবং এর আওতাধীন সকল দপ্তর/সংস্থার অভ্যন্তরীণ প্রশিক্ষণে অন্তর্ভুক্ত করা প্রয়োজন বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়। সভাপতি এ প্রসঙ্গে সকলের আন্তরিক প্রয়াস ও উদ্যোগ গ্রহণের অনুরোধ করেন।	উদ্ভাবন সহায়ক সক্ষমতা বৃদ্ধির বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য ওয়েজ আর্নাস ওয়েলফেয়ার বোর্ড এবং এ মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর সংস্থাকে অনুরোধ করা হয়।
৩.৭	১। বোয়েসেল এর দাপ্তরিক কাজসমূহ সহজ করার জন্য HRM সফটওয়্যার তৈরীকরণ ২। মোবাইল এ্যাপস তৈরীকরণ এবং বার্ষিক কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্তিকরণ	HRM Software বাস্তবায়ন করা হলে বোয়েসেল এর দাপ্তরিক কাজ এবং কর্মকর্তা কর্মচারীদের প্রশাসনিক কাজ ও ব্যবস্থাপনা আরও ডিজিটাইজেশন এর আওতায় আসবে বলে বোয়েসেল প্রতিনিধি সভাকে অবহিত করেন। এছাড়া বোয়েসেল এর মাধ্যমে বিদেশগামী কর্মীগণের বিভিন্ন স্ট্যাটাস সম্পর্কে অবহিত করার লক্ষ্যে মোবাইল এ্যাপস তৈরীর কাজও চলমান রয়েছে এবং এর অগ্রগতি সম্পর্কে সভায় জানানো হয়।	১। HRM সফটওয়্যার প্রস্তুতের কাজ যথাযথভাবে এবং নির্ধারিত সময়ে সম্পাদনের জন্য বোয়েসেল-কে অনুরোধ করা হয়। ২। মোবাইল এ্যাপসটি তৈরীকরণ এবং বার্ষিক কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্তিকরণে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য বোয়েসেল-কে অনুরোধ করা হয়।
৩.৮	পিকেবি'র অভ্যন্তরীণ প্রশিক্ষণে উদ্ভাবন বিষয়ক সেশন অন্তর্ভুক্ত করে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মকর্তাদের উদ্ভাবন বিষয়ক ধারণা ও সক্ষমতা বৃদ্ধি করা	প্রবাসী কল্যাণ ব্যাংক প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, অভ্যন্তরীণ প্রশিক্ষণে উদ্ভাবন বিষয়ক সেশন অন্তর্ভুক্ত করে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মকর্তাদের উদ্ভাবন বিষয়ক ধারণা ও সক্ষমতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে ১৭-১৮ মার্চ ২০১৭ তারিখে হেড অফিসের ব্যাংক স্টাফদের এবং ৬-৭ অক্টোবর ২০১৭ তারিখে শাখা ব্যবস্থাপকদের নিয়ে প্রশিক্ষণ পরিচালনা করা হয়েছে এবং ৫টি আইডিয়া generate করা হয়েছে বলেও সভাকে অবহিত করা হয়। সভায় এ বিষয়ে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।	এ কার্যক্রমটি সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত কর্ম প্রয়াস অব্যাহত রাখার জন্য প্রবাসী কল্যাণ ব্যাংক-কে অনুরোধ করা হয়।
৩.৯	শাখা পর্যায়ের কর্মকর্তাদের ইনোভেশন/গ্রাহক সেবা সহজীকরণ বিষয়ে আইডিয়া প্রদান ও মাঠ পর্যায়ে বাস্তবায়নের জন্য পুরস্কার প্রদান	২০১৬-১৭ বছরে উদ্ভাবনী কার্যক্রমে অংশগ্রহণের প্রণোদনা হিসেবে ৬ জনকে Thanks Letter দেয়া হয়েছে এবং চলতি অর্থ বছরের বাজেটে পুরস্কার প্রদানের জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখা হয়েছে বলে প্রবাসী কল্যাণ ব্যাংক প্রতিনিধি সভাকে জানান।	প্রবাসী কল্যাণ ব্যাংকের এ সকল উদ্যোগের জন্য সভায় ধন্যবাদ জ্ঞাপন করা হয় এবং চলমান কার্যক্রমসমূহ সম্পাদনে প্রয়াস অব্যাহত রাখার অনুরোধ করা হয়।
৩.১০	অনলাইন অভিযোগ ব্যবস্থাপনা	বিএমইটি'র সফটওয়্যারটি replicate করে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অনলাইন অভিযোগ	মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অনলাইন অভিযোগ প্রদানের সুযোগের বিষয়ে

	প্রদানের ব্যবস্থা করা হয়েছে। সকল টিটিসি এবং জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসসমূহের মাধ্যমে এ বিষয়ে প্রচারণার ব্যবস্থা করা হলে তা আরও কার্যকরভাবে ব্যবহৃত হতে পারে বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়।	সকল টিটিসি এবং জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসসমূহের মাধ্যমে প্রচারণার ব্যবস্থা করার জন্য বিএমইটি-কে অনুরোধ করা হয়।
--	--	--

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



০৪/০২/২০১৭

মোঃ আমিনুল ইসলাম

সভাপতি ও চিফ ইনোভেশন অফিসার

অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়